

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০৮ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৪২১.৬২.০২২.১৭.০১—দশম জাতীয় সংসদের গাইবান্ধা-১
(সুন্দরগঞ্জ) আসনের সংসদ-সদস্য এবং বিশিষ্ট রাজনীতিবিদ গোলাম মোস্তফা আহমেদ সড়ক
দুর্ঘটনায় গুরুতর আহত হয়ে চিকিৎসাধীন অবস্থায় গত ১৯ ডিসেম্বর ২০১৭ তারিখে ইন্তেকাল করেন
(ইমালিল্লাহি ওয়া ইমাইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর।

২। জনাব গোলাম মোস্তফা আহমেদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর বুহের মাগফেরাত
কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার
২০ পৌষ ১৪২৪/০৩ জানুয়ারি ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এন. এম. জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার

(১৯১)
মূল্য : টাকা ৪০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা : ২০ পৌষ ১৪২৪
০৩ জানুয়ারি ২০১৮

দশম জাতীয় সংসদের গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) আসনের সংসদ-সদস্য এবং বিশিষ্ট রাজনীতিবিদ জনাব গোলাম মোস্তফা আহমেদ সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়ে চিকিৎসাধীন অবস্থায় গত ১৯ ডিসেম্বর ২০১৭ তারিখে ইন্টেকাল করেন (ইন্সেলিন্সাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর।

জনাব গোলাম মোস্তফা আহমেদ ১৯৫১ সালের ৩০ জানুয়ারি গাইবান্ধা জেলার চিন্দিপুরে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬৭ সালে কলেজে অধ্যয়নরত থাকাকালে ছাত্রলীগের রাজনীতিতে সম্পৃক্ত হন। অতঃপর যুবলীগ ও আওয়ামী লীগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে তিনি দায়িত্ব পালন করেন। জনাব মোস্তফা ১৯৮৫ সালে সুন্দরগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত সুদীর্ঘ ৩২ বছর সততা, একাগ্রতা ও আন্তরিকতার সঙ্গে উক্ত দায়িত্ব পালন করেন।

কর্মজীবনের শুরুতে জনাব মোস্তফা ১৯৭৫ সালে সুন্দরগঞ্জের চিন্দিপুর বালিকা উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসাবে যোগদান করেন এবং ২০১১ সালে সহকারী প্রধান শিক্ষক হিসাবে চাকুরি থেকে অবসর গ্রহণ করেন। তিনি ২০১১ ও ২০১৬ সালে চিন্দিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হন। সর্বশেষ ২০১৭ সালে তিনি বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়নে দশম জাতীয় সংসদের গাইবান্ধা-১ আসন থেকে উপ-নির্বাচনে সংসদ-সদস্য নির্বাচিত হয়ে মৃত্যুর পূর্ব পর্যন্ত তাঁর ওপর অর্পিত দায়িত্ব পরম নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে পালন করে গেছেন।

ব্যক্তিজীবনে জনাব গোলাম মোস্তফা আহমেদ ছিলেন জনদরদী, অমায়িক ও বন্ধুবৎসল একজন মানুষ। জনহিতৈষী এই জনপ্রতিনিধি তাঁর উদারতা ও পরোপকারিতার জন্য এলাকার জনগণের নিকট বিপুল জনপ্রিয়তা অর্জন করেন। আমৃত্যু বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষামূলক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের সঙ্গে নিজেকে নিবিড়ভাবে সম্পৃক্ত রেখেছিলেন এই নেতা।

বিশিষ্ট এ নেতার অকাল মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গনে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা জনাব গোলাম মোস্তফা আহমেদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর বুহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রাগালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd